

ভাফির (আল মু'মিন) | Ghafir (Al-Mu□min) | غافِر (ٱلْمُؤْمِن)

আয়াতঃ ৪০ : ৫০

💵 আরবি মূল আয়াত:

قَالُوا اَوَ لَم تَكُ تَاتِيكُم رُسُلُكُم بِالبَيِّنْتِ اَ قَالُوا بَلَى اَ قَالُوا فَادعُوا وَ مَا دُعَوُا الكُفِرِينَ إِلَّا فِي ضَلَلٍ ﴿٥٠﴾

তারা বলবে, 'তোমাদের কাছে কি সুস্পষ্ট প্রমাণাদিসহ তোমাদের রাসূলগণ আসেনি'? জাহান্নামীরা বলবে, 'হ্যাঁ অবশ্যই'। দারোয়ানরা বলবে, 'তবে তোমরাই দো'আ কর। আর কাফিরদের দো'আ কেবল নিচ্ছলই হয়'। — আল-

রক্ষীগণ বলবে- রসূলগণ কি স্পষ্ট প্রমাণ নিয়ে তোমাদের কাছে আসেনি? তারা (উত্তরে) বলবে, হাঁ (এসেছিল)। জাহান্নামের রক্ষীরা বলবে- তাহলে তোমরাই দু'আ কর, কাফিরদের দু'আ নিফ্চলই হয়। — তাইসিরুল


তারা বলবেঃ তোমাদের নিকট কি স্পষ্ট নিদর্শনসহ তোমাদের রাসূলগণ আসেননি? জাহান্নামীরা বলবেঃ অবশ্যই এসেছিল। প্রহরীরা বলবেঃ তাহলে তোমরাই প্রার্থনা কর, আর কাফিরদের প্রার্থনা ব্যর্থই হয়। — মুজিবুর রহমান

They will say, "Did there not come to you your messengers with clear proofs?" They will say, "Yes." They will reply, "Then supplicate [yourselves], but the supplication of the disbelievers is not except in error." — Sahih International

৫০. তারা বলবে, তোমাদের কাছে কি স্পষ্ট প্রমাণাদিসহ তোমাদের রাসূলগ আসেননি? জাহান্নামীরা বলবে, হ্যাঁ, অবশ্যই। প্রহরীরা বলবে, সুতরাং তোমরাই ডাক; আর কাফিরদের ডাক শুধু ব্যর্থই হয়।

তাফসীরে জাকারিয়া

- (৫০) তারা বলবে, 'তোমাদের নিকট কি স্পষ্ট নিদর্শনাবলী সহ তোমাদের রসূলগণ আসেনি?' (জাহান্নামীরা) বলবে, 'অবশ্যই এসেছিল।' (প্রহরীরা) বলবে, 'তবে তোমরা প্রার্থনা করতে থাক।[1] আর সত্যপ্রত্যাখ্যানকারীদের প্রার্থনা ব্যর্থই হয়।'[2]
 - [1] অর্থাৎ, আমরা এ রকম লোকদের ব্যাপারে আল্লাহর কাছে কি কিছু বলতে পারি, যাদের কাছে আল্লাহর নবীরা বহু দলীল এবং মু'জিযাসমূহ নিয়ে আগমন করেছিলেন, কিন্তু তারা কোন পারোয়াই করেনি? (সুতরাং তোমরা





নিজেরাই প্রার্থনা অথবা আহবান কর।)

[2] পরিশেষে তারা নিজেরাই আল্লাহর কাছে ফরিয়াদ করবে। কিন্তু সেখানে তাদের ফরিয়াদে কর্ণপাত করা হবে না। কারণ, দুনিয়াতে তাদের উপর হুজ্জত পরিপূর্ণ করে দেওয়া হয়েছে। এখন আখেরাত তো ঈমান আনার এবং তওবা ও আমল করার স্থান নয়। আখেরাত তো প্রতিদান ও প্রতিফল লাভের স্থান। দুনিয়াতে যা কিছু করা হবে, তার পরিণাম সেখানে ভোগ করতে হবে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4183

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন